# আল-আন'আম | Al-An'am | ٱلۡأَنۡعَام

আয়াতঃ ৬ : ১১

## আরবি মূল আয়াত:

قُلۡ سِيرُوا فِى الۡاَرۡضِ ثُمَّ انظُرُوا كَيۡفَ كَانَ عَاقِبَةُ الۡمُكَذِّبِيۡنَ ﴿١١﴾

## অনুবাদসমূহ:

বল, 'তোমরা যমীনে ভ্রমণ কর তারপর দেখ, অস্বীকারকারীদের পরিণাম কেমন হয়েছে।' — আল-বায়ান

বল, দুনিয়ায় পরিভ্রমণ কর, অতঃপর দেখ সত্য প্রত্যাখ্যানকারীদের পরিণাম কী দাঁড়িয়েছিল। — তাইসিরুল

তুমি বলঃ তোমরা ভূ-পৃষ্ঠ পরিভ্রমণ কর, অতঃপর সত্যকে মিথ্যা প্রতিপন্নকারীদের পরিণাম কি হয়েছে তা গভীর অভিনিবেশ সহকারে লক্ষ্য কর। — মুজিবুর রহমান

Say, "Travel through the land; then observe how was the end of the deniers." — Sahih International

১১. বলুন, তোমরা যমীনে পরিভ্রমণ কর, তারপর দেখ, যারা মিথ্যারোপ করেছে তাদের পরিণাম কি হয়েছিল!(১)

(১) কাতাদা বলেন, অর্থাৎ তিনি তাদেরকে পাকড়াও করে ধ্বংস করেছেন তারপর তাদেরকে জাহান্নামের দিকে পৌছে দিয়েছেন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১১) বল, 'তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর, অতঃপর দেখ যারা সত্যকে মিথ্যা বলেছে, তাদের পরিণাম কি হয়েছিল!'

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=800

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন